# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯০৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নাম শোনার পর দরুদ পাঠ করলে তার জান্নাতে প্রবেশের আশা করা যায় আর যে ব্যক্তি তাঁর নাম শুনে তাঁর উপর দরুদ পাঠ করবে না, তার জাহান্নামে প্রবেশের আশংকা

## ذِكْرُ رَجَاءِ دُخُولِ الْجِنَانِ الْمُصَلِّي عَلَى الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَ ذِكْرِهِ مَعَ خَوْفِ دُخُولِ النِّيرَانِ عِنْدَ إِغْضَائِهِ عَنْهُ كُلَّمَا ذكره

---

আরবী

904 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: أَخْبَرَنَا أَبُو مَعْمَرٍ قَالَ: حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَعِدَ الْمِنْبَرَ فَقَالَ: (آمِينَ آمِينَ آمِينَ) قِيلَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ حِينَ صَعِدْتَ الْمِنْبَرَ قُلْتَ: آمِينَ آمِينَ آمِينَ قَالَ: (إِنَّ جِبْرِيلَ أَتَانِي فَقَالَ: مَنْ أَدْرَكَ شَهْرَ رَمَضَانَ وَلَمْ يُغفر لَهُ فَدَخَلَ النَّارَ فَأَبْعَدَهُ اللَّهُ قُلْ: آمِينَ فَقُلْتُ: آمِينَ وَمَنْ أَدْرَكَ أَبَوَيْهِ أَوْ أَحَدَهُمَا فَلَمْ يَبَرَّهُما فَمَاتَ فَدخلَ النَّارَ فَأَبْعَدَهُ اللَّهُ قُلْ: آمِينَ فَقُلْتُ: آمِينَ وَمَنْ ذُكِرْتَ عِنْدَهُ فَلَمْ يُصَلِّ عَلَيْكَ فَمَاتَ فَدَخَلَ النَّارَ فأبعده الله قل: آمين فقلت: آمين)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 904 | خلاصة حكم المحدث:. حسن صحيح.

বাংলা

৯০৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার মিম্বারে উঠেন অতঃপর বলেন, “আমীন, আমীন, আমীন।” তাঁকে বলা হলো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি যখন মিম্বারে আরোহন করেছিলেন, তখন আপনি বলেছেন, “আমীন, আমীন, আমীন!” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই জিবরীল আমার কাছে এসেছিলেন, অতঃপর বলেছেন, “ যে ব্যক্তি রমযান মাস পায় কিন্তু তার গোনাহ ক্ষমা করা হয় না, অতঃপর সে জাহান্নামে প্রবেশ করে সুতরাং আল্লাহ তাকে দূরে রাখেন।বলুন, “আমীন।” ফলে আমি বলেছি, “আমীন।” যে ব্যক্তি তার পিতা-মাতা উভয়কে অথবা তাদের যে

কোন একজনকে পায় কিন্তু তাদের সাথে সদাচারণ করে না, অতঃপর সে মারা যায় এবং জাহান্নামে প্রবেশ করে সুতরাং আল্লাহ তাকে দূরে রাখেন। বলুন, “আমীন।” ফলে আমি বলেছি, “আমীন।” যে ব্যক্তির নিকটে আপনার কথা আলোচনা করা হয়, কিন্তু সে আপনার উপর দরুদ পাঠ করে না, অতঃপর সে মারা যায় এবং জাহান্নামে প্রবেশ করে সুতরাং আল্লাহ তাকে দূরে রাখেন। বলুন, “আমীন।” ফলে আমি বলেছি, “আমীন।”[1]

## ফুটনোট

[1] ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৬৪৬; বাযযার: ৩১৬৯; সহীহ ইবনু খুযাইমা: ১৮৮৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৯০৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89408

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন